

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৬৯]

পর্ব-১৩: সাহু (ভুল) (كِتَابُ السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৩৪: ডান হাতের দু' আঙ্গুলি বন্ধ রাখা এবং এর মধ্যমা ও বৃদ্ধাঙ্গুলি দ্বারা গোলাকার বৃত্ত বানানো

باب قبض الثنتين من أصابع اليد اليمنى وعقد الوسطى والإبهام منها

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ: أُنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْمُبَارَكِ، عَنْ زَائِدَةَ، قَالَ: حَدَّثَنَا عَاصِمُ بْنُ كُلَيْبٍ، قَالَ: حَدَّثَنِي أَبِي، أَنَّ وَائِلَ بْنَ حُجْرٍ، قَالَ: لَأَنْظُرَنَّ إِلَى صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَيْفَ يُصَلِّي؟ فَانْظَرْتُ إِلَيْهِ فَوَصَفَ، قَالَ: ثُمَّ قَعَدَ وَافْتَرَشَ رِجْلَهُ الْيُسْرَى وَوَضَعَ كَفَّهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ وَرُكْبَتِهِ الْيُسْرَى، وَجَعَلَ حَدَّ مِرْفَقِهِ الْيَمَنِ عَلَى فَخِذِهِ الْيُمْنَى، ثُمَّ قَبَضَ اثْنَتَيْنِ مِنْ أَصَابِعِهِ وَحَلَّقَ حَلَقَةً، ثُمَّ رَفَعَ أَصْبُعَهُ فَرَأَيْتُهُ يُحَرِّكُهَا يَدْعُو بِهَا مُخْتَصِرًا.

تخريج دارالدعوة: انظر حديث رقم: ٨٩٠ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1269 - صحيح

বাংলা

১২৬৮. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) ওয়ায়িল ইবনু হুজর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি (মনে মনে) বললাম, আমি রাসূলুল্লাহ (সা.) -এর সালাতের প্রতি লক্ষ্য রাখব তিনি কিভাবে সালাত আদায় করেন। এরপর তিনি তা বর্ণনা করলেন। তিনি বললেন, অতঃপর তিনি বসলেন ও বাম পা বিছিয়ে দিলেন এবং বাম হাতের তালু স্বীয় বাম হাঁটু ও উরুর উপর রাখলেন। আর ডান কনুই তাঁর ডান উরুর উপর রাখলেন। তারপর স্বীয় আঙ্গুলদ্বয় দ্বারা বৃত্তাকার বানালেন। এরপর তাঁর একটি আঙ্গুল উঁচু করে রাখলেন। আমি তাঁকে তা নাড়িয়ে দু'আ করতে দেখলাম।

English

34. Clenching Two Of The Fingers Of The Right Hand And Making A Circle With The Middle Finger And Thumb

Wa'il bin Hujr said: I am going to watch the Messenger of Allah (ﷺ) and see how he prays. So, I watched him. And he described (his prayer): Then he sat and lay his left foot on the ground, and placed his left hand on his left thigh and knee. He put his right elbow on his right thigh, then he made a circle with two fingers of his (right) hand, then he raised his finger and I saw him moving it, supplicating with it.

ফুটনোট

সহীহ: আবু দাউদ ৭২৬, তিরমিযী ২৯২, ইবনু মাজাহ ৮৬৭, দারিমী ১৩৫৭, মুসনাদে হুয়াইদী ৮৮৫, সহীহ ইবনু খুয়াইমাহ ৪৭৭। [দ্রঃ ৮৮৯, ১২৬৩]

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87662>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন